গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব উন্নয়ন অধিদপ্তর
প্রকল্প পরিচালকের কার্যালয়
"Economic Acceleration and Resilience for NEET (EARN)" প্রকল্প
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (লেভেল-১৯), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.earndyd.gov.bd

স্মারক নং: ৩৪.০১.০০০০.০৪৬.৪৯.০৫৮.২৪- ৯২৫৩ তারিখ: ২৭ কার্তিক ১৪৩৩ / ১২ নভেম্বর ২০২৬

বিষয়: "Economic Acceleration and Resilience for NEET (EARN)" প্রকল্পের আওতায় শিক্ষা প্রতিষ্ঠান ও যুব সংগঠনে ক্রীড়া সামগ্রী সরবরাহ, গ্রহণ ও সংরক্ষণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "Economic Acceleration and Resilience for NEET (EARN) (১ম সংশোধিত)" প্রকল্পের আওতায় বিভিন্ন উপজেলা হতে প্রেরিত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা অনুযায়ী ক্রীড়া সামগ্রী সরবরাহের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্পের আওতায় বরাদ্দকৃত ক্রীড়া সামগ্রীসমূহ ঠিকাদারি প্রতিষ্ঠানের গুদামে মজুত রয়েছে এবং উপজেলায় প্রেরণের জন্য প্রস্তুত করা হয়েছে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণকে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো:

১। ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রতিনিধির নিকট হতে ক্রীড়া সামগ্রী গ্রহণের সময় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক একটি প্রাপ্তিস্বীকারপত্র/চালান প্রদান করতে হবে।

২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান ও যুব সংগঠনে ক্রীড়া সামগ্রী হস্তান্তরের সময় প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে যথাযথ প্রাপ্তিস্বীকারপত্র গ্রহণ করে প্রাপ্তিস্বীকারপত্রসমূহ আপাতত সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

৩। ক্রীড়া সামগ্রী বিতরণ উপলক্ষে EARN প্রকল্পের উদ্যোগে পরবর্তীকালে একটি অনুষ্ঠানের আয়োজন করে কেন্দ্রীয়ভাবে মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রীর উপস্থিতিতে ঢাকার পার্শ্ববর্তী কোনো একটি উপজেলায় আনুষ্ঠানিকভাবে ক্রীড়া সামগ্রী বিতরণ উদ্বোধন করা হবে। উক্ত অনুষ্ঠান সম্পন্ন না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান ও যুব সংগঠনসমূহে সরবরাহকৃত ক্রীড়া সামগ্রী বিতরণ না করে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

৪। মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিকভাবে ক্রীড়া সামগ্রী বিতরন উদ্বোধন করার পর সম্ভব হলে স্থানীয়ভাবে স্ব স্ব উপজেলায় স্থানীয় প্রশাসনের সাথে পরামর্শক্রমে মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী, সংসদ সদস্যের উপস্থিতিতে ক্রীড়া সামগ্রী বিতরণের জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য, এজন্য কোন অর্থ বরাদ্দ করা হবে না।

৪। সরবরাহকৃত ক্রীড়া সামগ্রী শুধুমাত্র সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী এবং যুব সংগঠনের সদস্যদের ক্রীড়া চর্চা ও খেলাধুলার কাজে ব্যবহারের জন্য। কোনো অবস্থাতেই উক্ত সামগ্রী প্রতিষ্ঠানের বাইরে নেওয়া, অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর কিংবা অন্য কোনো কাজে ব্যবহার করা যাবে না।

৫। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তর অথবা প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শনকালে সরবরাহকৃত ক্রীড়া সামগ্রী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষিত ও দৃশ্যমান অবস্থায় থাকতে হবে এবং প্রয়োজনে পরিদর্শনের জন্য উপস্থাপন করতে হবে।

উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন এবং ক্রীড়া সামগ্রীর সুষ্ঠু ব্যবস্থাপনা ও সংরক্ষণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে বিশেষভাবে অনুরোধ করা হলো। এতে যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালকের সম্মতি রয়েছে।

১২/১১/২০২৬

(কাজী মোখলেছুর রহমান)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০১৬৭৮০২২৫৯১
E-mail: pd.earn@dyd.gov.bd

প্রাপক,
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (প্রকল্পভুক্ত ২৫০ উপজেলা),
..... জেলা।

অনুলিপি: (অবগতির জন্য)
১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল জেলা)।
২। প্রোগ্রামার, মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস কপি।